মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ,ময়মনসিংহ
কার্যালয়ঃ বাসা নং-৪২, খাগডহর বাজার, ময়মনসিংহ।
ফোন ঃ ০২৯৯৭৭১০৪৫০, ০২৯৯৬৬৬৩৩৩৩
www.mymensingheducationboard.gov.bd

Board of Intermediate & Secondary Education
Controller Section
Est-2017
Mymensingh

স্মারক নং-ময়শিবো/পনি/মাধ্যমিক/১০/০২/২০২৯/২১৯ তারিখ: ০৮/০৮/২০২৬ খ্রি.

**বিষয়: ২০২৬ সালের এসএসসি পরীক্ষার ফল প্রকাশ প্রসঙ্গে ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, আগামী ১০ আগষ্ট ২০২৬খ্রি. তারিখ সকাল ১০:০০ টায় এসএসসি পরীক্ষা ২০২৬-এর ফলাফল স্ব স্ব প্রতিষ্ঠান থেকে এবং অনলাইনে একযোগে প্রকাশ করা হবে। নিম্নে উল্লিখিত যে কোনো পদ্ধতিতে স্ব স্ব প্রতিষ্ঠানের Result sheet download করা যাবে।

(১) ময়মনসিংহ শিক্ষা বোর্ডের ওয়েবসাইট www.mymensingheducationboard.gov.bd -এ প্রবেশ করে SSC Result 2026 বাটনে ক্লিক করে শিক্ষা প্রতিষ্ঠানের EIIN এন্ট্রি করে প্রতিষ্ঠানভিত্তিক Result sheet download করা যাবে।

(২) পরীক্ষার্থীরা www.mymensingheducationboard.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে SSC Result 2026 বাটনে ক্লিক করে রোল ও রেজিস্ট্রেশন নম্বরের মাধ্যমে Result sheet download করতে পারবে।

(৩) পরীক্ষার ফল প্রকাশের পর SMS-এর মাধ্যমে নিম্নলিখিত উপায়ে ফল সংগ্রহ করা যাবে -
SSC <Space> Board Name (First 3 Letters) <Space> Roll <Space> Year টাইপ করে ১৬১৪০ অথবা ১৬২২২ নম্বরে পাঠাতে হবে।
উদাহরণ: SSC Mym 123456 2026 Send to 16140

(৪) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে অনলাইনের মাধ্যমে প্রাপ্ত ফলাফল ডাউনলোড করে প্রকাশ করার জন্য https://eduboardresults.gov.bd অথবা https://educationboardresults.gov.bd অথবা বোর্ডের ওয়েবসাইটের Result কর্ণার-এ ক্লিক করে বোর্ড ও প্রতিষ্ঠানের EIIN-এর মাধ্যমে ফল ডাউনলোড করার পরামর্শ দেয়া হলো।

(৫) পুনঃনিরীক্ষণের জন্য অনলাইনের মাধ্যমে ১১ আগষ্ট ২০২৬ খ্রি. তারিখ থেকে ১৭ আগষ্ট ২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত আবেদন করা যাবে। আবেদন প্রক্রিয়া ও সংশ্লিষ্ট নির্দেশনা ময়মনসিংহ শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তির মাধ্যমে জানা যাবে।

(৬) উল্লেখ্য যে, শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা বোর্ড বা পত্রিকা অফিসে পরীক্ষার ফলাফল পাওয়া যাবে না বা প্রকাশিত হবে না।

০৮/০৮/২০২৬

প্রফেসর মো: শাহাদত উল্লাহ
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।
ফোনঃ ০২-৯৯৭৭১০৪৪২

**কেন্দ্র সচিব/ প্রতিষ্ঠান প্রধান**
**ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল পরীক্ষা কেন্দ্র ও মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান**

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। সভাপতি আন্ত:শিক্ষাবোর্ড সমন্বয় সাব-কমিটি ও চেয়ারম্যান মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,ঢাকা;
৩। জেলা প্রশাসক:ময়মনসিংহ/জামালপুর/নেত্রকোণা/শেরপুর;
৪। উপজেলা নির্বাহী অফিসার:ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা;
৫। জেলা শিক্ষা অফিসার:ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা;
৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার:ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা;
৭। অফিস কপি।

CS CamScanner